দৈনিক সংবাদ

2

তারিখ ... ... ... AUG 2 1999
পৃষ্ঠা ৮ ... কলাম ... ২

# চট্টগ্রাম কলেজ বোর্ডে শীর্ষে

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় অন্যান্য বারের মতো এবারও সম্মিলিত মেধা তালিকায় প্রথমসহ চট্টগ্রাম কলেজ ফলাফলের দিক দিয়ে শীর্ষ স্থানে অবস্থান করছে। এই কলেজের ১৪ জন ছাত্রছাত্রী সম্মিলিত মেধা তালিকায় (বিজ্ঞান) স্থান পেয়েছে। আর মানবিক বিভাগের মেধা তালিকায় প্রথমসহ ১৫ জন ছাত্রছাত্রী স্থান করে নিয়েছে। এখানে বাণিজ্য বিভাগ নেই। মানবিক বিভাগে মেধা তালিকার ৫ম স্থান বাদে প্রথম থেকে নবম পর্যন্ত চট্টগ্রাম কলেজের ছাত্রছাত্রীদের দখলে।

সম্মিলিত মেধা তালিকায় ইস্পাহানি স্কুল এন্ড কলেজের ৪ জন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের ২য়সহ ৩ জন, ফৌজদারহাট ক্যাডেট কলেজের ১ জন ও চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজের ১ জন স্থান পেয়েছে। মানবিক বিভাগে ফৌজদারহাট ক্যাডেট কলেজের ৩ জন, আগ্রাবাদ মহিলা কলেজের ১ জন ও হাজেরা তজু গার্লস কলেজের একজন ছাত্রী মেধা তালিকায় স্থান পেয়েছে। বাণিজ্য বিভাগের মেধা তালিকায় চট্টগ্রাম সরকারি বাণিজ্য কলেজের প্রথমসহ ৭ জন, ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজে ১৩ জন, চট্টগ্রাম ইউরিয়া ফার্টিলাইজার কলেজ, রাঙ্গুনিয়া কলেজ, হাজেরা তজু গার্লস কলেজ ও কক্সবাজার সরকারি কলেজের ১ জন করে স্থান পেয়েছে।

এবারের ফলাফলে মানবিক বিভাগে মেধা তালিকায় ১৪ জন ছাত্রী, ৬ জন ছাত্র এবং বাণিজ্য বিভাগে ২০ জন ছাত্রী ও ৫ জন ছাত্র উত্তীর্ণ হয়েছে। ছাত্রী পাসের হার ৭০.৩২, আর ছাত্র ৬৭.৯৯। ৩.৩৩ ভাগ ছাত্রী বেশি পাস করেছে। মেধা তালিকায়ও তারা এগিয়ে রয়েছে। নতুন করে মেধা তালিকায় স্থান পেয়েছে ছাত্রীদের মধ্যে (বিজ্ঞান) ৮ম নাজিরহাট কলেজের ছাত্রী সৈয়দা নারগিস আকতার, মানবিকে ১৬তম হাজেরা তজু গার্লস কলেজের ছাত্রী শামিম আরা সিদ্দিক এবং বাণিজ্যে ১৬তম একই কলেজের ছাত্রী তসলিমা আকতার। এছাড়া বাণিজ্যে এই প্রথম রাঙ্গুনিয়া কলেজের ছাত্রী লুৎফুন নাহার ১৫তম স্থান অধিকার করেছে। হাজেরা তজু কলেজটি প্রতিষ্ঠা করা হয়েছে মাত্র ২/৩ বছর আগে।

চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ রওশন আখতার হানিফ সাংবাদিকদের কাছে প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেছেন, আমি খুবই আনন্দিত। আমাদের ছাত্রছাত্রীরা কলেজের ঐতিহ্য রক্ষা করেছে। তিনি ভবিষ্যতে আরো ভালো ফলাফলের আশাবাদী।